# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 17 July, 2025

চোট যেন নেইমার জুনিয়রের নিত্যসঙ্গী। দীর্ঘদিন ধরেই ইনজুরির সঙ্গে লড়াই করে যাচ্ছেন ব্রাজিলিয়ান এই তারকা। মাঝেমধ্যেই মাঠে ফিরলেও পূর্ণ ম্যাচ খেলতে পারেননি বহুদিন। তবে অবশেষে প্রায় ৫ মাস পর পুরোদমে ৯০ মিনিট খেললেন তিনি– তাও দুর্দান্ত এক পারফরম্যান্স দিয়ে ম্যাচের ভাগ্য গড়ে।

ব্রাজিলিয়ান সিরি আ-তে বৃহস্পতিবার (১৭ জুলাই) রাতে ফ্ল্যামেঙ্গোর বিপক্ষে সান্তোসের হয়ে শুরু থেকে শেষ পর্যন্ত খেলেছেন নেইমার।তাঁর একমাত্র গোলেই ২-১ ব্যবধানে ম্যাচ জিতে নেয় সান্তোস।

ম্যাচের ৮৪তম মিনিটে বাঁ পায়ের নিখুঁত ফিনিশিংয়ে গোল করে দলকে এগিয়ে দেন নেইমার।গোল করার পরই ফ্ল্যামেঙ্গো কোচ ফিলিপে লুইসকে উদ্দেশ্য করে কিছু বলেন নেইমার, যিনি তাঁর দীর্ঘদিনের জাতীয় দলের সতীর্থ। পরবর্তীতে জানা যায়– সেটি ছিল একটি মজার রসিকতা।

প্রথম মিনিট থেকেই ম্যাচে প্রভাব বিস্তার করেন নেইমার।সুযোগ তৈরি করেন, পাস দেন, শট নেন এবং ডিফেন্ডারদের নাস্তানাবুদ করেন তাঁর পুরনো স্টাইলে।দ্বিতীয়ার্ধে আরও গতি ও ধারালো হয়ে উঠেন তিনি।পুরো ম্যাচে তিনি নেন ২টি অন টার্গেট শট, তৈরি করেন একাধিক গোলের সুযোগ এবং সতীর্থদের উদ্দেশে দেন ৩টি কী পাস।ম্যাচের সেরা পারফর্মার হিসেবেও বিবেচিত হন তিনি।

এই গোলের মাধ্যমে চলতি মৌসুমে ১৩ ম্যাচে ৪টি গোল করলেন নেইমার।তবে ব্রাজিলিয়ান সিরি আ-তে এটিই তাঁর প্রথম গোল।এ গোলের মাধ্যমে পেশাদার ক্যারিয়ারে ৭০০ গোলের সঙ্গে সরাসরি সম্পৃক্ত হলেন তিনি– যার মধ্যে ২৫৭টি নিজে করেছেন, আর ৪৪৩টি করিয়েছেন সতীর্থদের।

নেইমারের দারুণ নৈপুণ্যে টানা দ্বিতীয় ম্যাচে জয় তুলে নিল সান্তোস।এই জয়ে ১৩ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের ১৩তম স্থানে উঠে এসেছে দলটি।অন্যদিকে, সমান ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে এখনও শীর্ষে আছে ফ্ল্যামেঙ্গো।

পুনরাগমন মানেই আলো ছড়ানো– নেইমার আবারও তা প্রমাণ করলেন।মাঠে ফিরেই পারফরম্যান্স, জয় আর আলোচনার কেন্দ্রে ‘জুনিয়র’।

নেইমার ব্রাজিল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:37

URL: https://timestodaybd.com/sports/4905775807